সংবাদ 035 13/10/83

13 October, 1983 : ১২ পৃষ্ঠা, মূল্য ১.৫০ টাকা

সিএমএলএ-র সচিবালয়ে সরাসরি অভিযোগ

# শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহারের নির্দেশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে অভিযোগ জানিয়ে সরাসরি দরখাস্ত পেশ করার দায়ে যদি কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হয়ে থাকে, তাহলে তা প্রত্যাহার করার জন্য সরকারের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ দেয়া হয়েছে।

প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে অভিযোগ জানিয়ে সরাসরি আবেদনপত্র পেশ করার অভিযোগে কয়েকটি মন্ত্রণালয়, বিভাগ পরিদপ্তর ও সংস্থা কিছুসংখ্যক কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিয়েছে বলে কর্তৃপক্ষীয় মহলে খবর পৌঁছেছে। বিষয়টি সরকারের উচ্চ পর্যায়ে পরীক্ষা করে দেখা হয়েছে। তাতে দেখা গেছে যে, চাকরি বা কর্মক্ষেত্রে সৃষ্ট অন্য কোন সমস্যা সংক্রান্ত ব্যাপারে কোন কোন কর্মচারী ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদনপত্র পেশ করলেও অনির্দিষ্টকালের জন্য সে আবেদনপত্র ফেলে রাখা হয়েছে এবং সে ব্যাপারে কোন রকম প্রতিকার বা সিদ্ধান্ত আবেদনকারীকে জানানো হয়নি। এর ফলে সঙ্গত কারণেই আবেদন-

(৩-এর পাতায় দেখুন)

## শাস্তিমূলক ব্যবস্থা

(১ম পাতার পর)

কারীর মনে ক্ষোভের সঞ্চার হতে পারে। বাধ্য হয়ে প্রতিকার পাবার আশায় তিনি প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে দরখাস্ত পাঠিয়েছেন। এজন্য উক্ত কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পদক্ষেপকে সরকারের পক্ষ থেকে অযৌক্তিক বলে আখ্যায়িত করা হয়েছে।

### সরকারী নির্দেশ

নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে আলোচ্য ব্যাপারে পরীক্ষা করে দেখা হয়েছে। এ ধরনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত নিয়মকানুন মেনে চলার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

(এক) কোন কর্মকর্তা বা কর্মচারী সরাসরি প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে আবেদনপত্র পেশ করতে পারবেন না। আবেদনকারী যার অধীনে চাকরি করেন সর্বপ্রথম তার কাছেই তাকে অভিযোগ পেশ করতে হবে।

(দুই) কোন কর্মকর্তা বা কর্মচারী যদি যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রতিকারের আশায় অভিযোগ পেশ করেন, তাহলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তার প্রাপ্তি স্বীকার করতে হবে এবং সে ব্যাপারে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আবেদনকারীকে সিদ্ধান্ত জানাতে হবে। তবে এ সময়ের সীমা কোন অবস্থায়ই তিন মাস অতিক্রম করতে পারবে না। প্রয়োজনবোধে আইন উপদেষ্টার মতামত গ্রহণসহ যাবতীয় আনুষ্ঠানিকতা এই তিন মাসের মধ্যেই সম্পন্ন করতে হবে।

(তিন) যদি কোন কর্মকর্তা বা কর্মচারী অভিযোগ সম্বলিত দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের কাছে পেশ করার পরও তা অনির্দিষ্টকালের জন্য ফেলে রাখা হয় এবং তারই প্রেক্ষিতে যদি উক্ত কর্মকর্তা বা কর্মচারী প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে আবেদনপত্র পেশ করেন, তাহলে তার বিরুদ্ধে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা নেয়া চলবে না। তবে প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে যে আবেদনপত্র পেশ করা হবে, তার একটি অনুলিপি তাকে তার নিজস্ব বিভাগেও পেশ করতে হবে।